

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন রমনা, ঢাকা- ১০০০

স্মারক নং-বিটিআরসি/প্রশাঃ প্রচার ও বিজ্ঞাপন/২০১২-৫৫৬

তারিখ-২৪/০৩/২০১৩ইং

## প্রেস রিলিজ

সাম্প্রতিককালে গভীর উদ্বেগের সাথে পরিলক্ষিত হচ্ছে যে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম, যেমন ফেসবুক, টুইটার এবং ব্লগ সাইটে ইসলাম ধর্ম ও হযরত মোহাম্মদ (সাঃ) কে কটাক্ষ করে এক শ্রেণীর কুচক্রী মহল উস্কানিমূলক ও কুরুচিপূর্ণ পোস্ট, কমেণ্ট, ছবি, কার্টুন ইত্যাদির মাধ্যমে বাংলাদেশের সহজ, সরল ও ধর্মভীরু মানুষের ধর্মীয় অনুভূতিতে আঘাত করার অপচেষ্টা চালাচ্ছে। বাংলাদেশের টেলিযোগাযোগ ব্যবস্থার নিয়ন্ত্রক হিসেবে বিটিআরসি এসব ঘটনায় তীব্র ঘৃণা ও নিন্দা প্রকাশ করছে। সরকার এসব বিভ্রান্তিমূলক অপপ্রচারও ধর্মীয় সংহতিতে আঘাতকারী প্রচারণা বন্ধে বন্ধপরিষদ। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক এ বিষয়ে একটি কমিটি গঠিত হয়েছে, যার সদস্য হিসেবে বিভিন্ন মন্ত্রণালয় ও আইন প্রয়োগকারী সংস্থার পাশাপাশি বিটিআরসির কর্মকর্তাও নিয়োজিত রয়েছেন। তাছাড়াও ইন্টারনেটের অপব্যবহার রোধকল্পে বিটিআরসি কর্তৃক নিয়মিত এস এম এস এর মাধ্যমে জনগণকে অবহিত করা হচ্ছে।

মিথ্যাচার ও বিভ্রান্তিমূলক অপপ্রচার বন্ধে এবং মুক্ত চিন্তা ও স্বাধীন মত প্রকাশের স্বার্থে বিটিআরসি জনগণকে সাথে নিয়ে কাজ করার ব্যাপারে সর্বদা সচেষ্ট এবং এ সম্পর্কিত কোন অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি রক্ষায় বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম, যেমন ফেসবুক, টুইটার, এবং বিভিন্ন ব্লগ থেকে প্রাপ্ত ধর্মবিদ্বেষী ও কুরুচিপূর্ণ পোস্ট, কমেণ্ট, ছবি, কার্টুন ইত্যাদি সম্পর্কিত তথ্য বিটিআরসিকে অবহিত করে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ইন্টারনেটের মাধ্যমে এসব অপপ্রচার বাংলাদেশ দণ্ডবিধি ২৯৫/২৯৫(ক)/২৯৮ ধারা ও আইসিটি অ্যাক্ট ২০০৬ এর ৫৭ ধারা এর পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ এবং ২০১২ সালের রিট পিটিশন নং- ৮৮৬ এর নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘন। তাছাড়াও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ এর ৩০(১)(ছ)/৩১(২)(গ)/৭৩(২)/৮৪(২)-ধারা অনুসারে তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষে বিটিআরসি, টেলিযোগাযোগ লাইসেন্সধারী, ইন্টারনেট ব্যবহারকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট প্রয়োজনীয় তথ্য পাওয়ার এখতিয়ার রাখে এবং উক্ত তথ্য চাহিদানুযায়ী প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। এ ক্ষেত্রে আইন অমান্যকারীর আর্থিক জরিমানা ও শাস্তির বিধান রয়েছে।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন